লন্ডন ভিত্তিক আন্তর্জাতিক আল শার্‌ক আল-আওসাত দৈনিকে ২রা জুলাই, ২০০৯ ইরানের বিগত প্রেসিডেন্টের এক বক্তব্য ছাপা হয় যেখানে সে বলে, "ইরান তালেবানদেরকে পরাজিত করার যুদ্ধে অংশগ্রহণ করেছে। যদি আমরা তালেবানদের বিরুদ্ধ বাহিনীকে সহায়তা না করতাম, মার্কিনীরা আফগান যুদ্ধে পরাজয় বরণ করত।" সে আরও বলে, "মার্কিনীদের জেনে রাখা উচিত ইরানের ন্যাশনাল আর্মি ছাড়া তারা তালেবানদের ক্ষমতাচ্যুত করতে কখনও সমর্থ হতনা।"

ইরানের আইন ও সংসদ বিষয়ক সহসভাপতি মুহাম্মাদ আলী আবতাহী ২০০৪ সালের ১৫ জানুয়ারী আবুধাবীতে *'The Gulf: Challenges of the Future'* কনফারেন্সে গর্বের সাথে বলেছিল, তার দেশ "আফগান ও ইরাকের বিরুদ্ধে মার্কিনীদের যুদ্ধে প্রচুর সহায়তা করেছে।" সে আরও নিশ্চিত করে, "ইরানের সহযোগিতা ছাড়া কাবুল ও বাগদাদের এত সহজে পতন হতনা।"

এগুলো হলো আপনাদের ভুলপথে এগুনোর কিছু নমুনা, যা সম্পূর্ণ ইসলামী শাসন ও মুসলিম উম্মাহ্'র স্বার্থ পরিপন্থী কাজ। আপনারা আবারো ভয়াবহ অপরাধ করছেন শামের অত্যাচারী শাসক বাশার আল আসাদকে সমর্থন দিয়ে এবং নিরস্ত্র মুসলিমদের বিপক্ষে অবস্থান নিয়ে। সিরিয়ার এই মুসলিমরা তার আরবের অন্যান্য ভাইদের মতই এই অত্যাচারী শাসকের বিরুদ্ধে সোচ্চার হয়েছে, আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা'র সহায়তায় ইসলামের পতাকা উড্ডয়ন করছে, খালি বুক পেতে অত্যাচারীর বুলেট সাহসিকতার সাথে মোকাবেলা করছে, ইতিহাস যা স্বর্ণাক্ষরে লিখে রাখবে।

সিরিয়ার জনগণ দীর্ঘদিন ধরে তাদের ওপর চাপিয়ে দেয়া অত্যাচারী শাসকদের দ্বারা নির্যাতিত হয়ে আসছে। এই শাসকগণ কুফর ব্যবস্থা দিয়ে কঠোর হস্তে এতদিন ধরে তাদের শাসন করে এসেছে। এই জালিম শাসকদের নিত্যকার জুলুম জনগণকে জীবিকার্জনের জন্যও সংগ্রামের মুখে ঠেলে দিয়েছে। তারা জমীনে দুর্নীতি ও অপকর্ম ছড়িয়ে দিয়েছে, দেশের সম্পদ নিজের, পরিবারের ও গোত্রের লোকদের জন্য আত্মসাৎ ও লুটপাটের ব্যবস্থা করেছে। পাশাপাশি তারা সিরিয়াকে তাদের শত্রুর হাতে তুলে দিয়েছে।

বিচ্যুত পথ থেকে ফিরে এসে নির্যাতিত উম্মাহ্'র পাশে দাঁড়িয়ে আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা'র কাছে ক্ষমা চাওয়া ছিল আপনাদের কাছে প্রত্যাশা। অথচ আপনারা সেই জালিম শাসকদেরই পক্ষ নিয়েছেন, অস্ত্র-সস্ত্র দিয়ে সহায়তা করেছেন তাদেরকে এই ভেবে যে, তারা মধ্যপ্রাচ্যে আপনাদের স্বার্থ রক্ষা করবে। আপনারা আপনাদের অনুগত লোকজন লেবাননে পাঠিয়েছেন এই জুলুমের সহায়তা করার জন্য, সীমান্ত বন্ধ করে দিয়েছেন, কড়া পাহারা বসিয়েছেন যাতে কেউ সিরিয়ার লোকদের সাহায্যে এগিয়ে আসতে না পারে। আপনাদের নিজেদের অপকর্ম দিয়ে আপনারা সন্তুষ্ট হননি বরং মুসলিমদেরকে জাতিগত দাঙ্গার দিকে ধাবিত করেছেন।

আপনাদের চোখ ও অন্তর কী অন্ধ হয়ে গেছে যে, এই তীব্র বাস্তবতা আপনাদের কী স্পর্শ করেনা!

আপনাদের চোখ ও অন্তর কী অন্ধ হয়ে গেছে যে ইসলাম ও মুসলিমদের শত্রুরা যেখানে ষড়যন্ত্র করছে মুসলমান ও তাদের ভূমি নিয়ে, জাতিগত দাঙ্গা বাধিয়ে দিয়ে যেখানে তারা উম্মাহ্'র দৃষ্টি ভিন্নখাতে প্রবাহিত করার চেষ্টা করছে, সেখানে আপনারা তাদের সহায়তা করছেন মুসলিমদের একে অন্যের বিরুদ্ধে লেলিয়ে দিয়ে?

আপনারা আপনাদের রাষ্ট্র প্রতিষ্ঠা করেছেন মাযহাব, গোত্র ও জাতীয়তাবাদের ভিত্তিতে এবং আপনারা এই অঞ্চলে গোত্রগত ও জাতিগত কর্মপরিকল্পনা ফেরী করে বেড়াচ্ছেন। কিন্তু এতসবের পরেও কী অর্জন আপনাদের এ থেকে? অন্যান্য আরব ও মুসলিম শাসকদের মত দুর্বলতা দেখানো ও অপমানিত হওয়া ছাড়া আর কী পেয়েছেন আপনারা?

আপনারা কি মনে করেন ঐক্যবদ্ধতা, প্রতিরোধ, যায়নবাদ, বড় শয়তান এর মত মুখ ভরা শূণ্য বুলি ছাড়া আপনাদের নিজেদের বা উম্মাহ্'র জন্য কোনও

অর্জন রয়েছে? অথচ উম্মাহ্ অপেক্ষা করছে নিষ্ঠাবান ও অবিচল নেতৃত্বের জন্য যারা উম্মাহ্'র এই অপমানজনক দৈন্যদশা থেকে উদ্ধার করবে। নাকি আপনারা অপেক্ষা করছেন কখন পশ্চিমারা তাদের 'দুষ্ট বালক' ইহুদী রাষ্ট্র ইসরাইলের সাথে ঝাঁপিয়ে পড়বে এবং ইরান হবে ইরাকের মত যুদ্ধবিধ্বস্ত যেখানে লক্ষ লক্ষ নারী, বৃদ্ধ ও শিশুরা ধুঁকে ধুঁকে মরবে? আপনারা কি অপেক্ষা করছেন, পশ্চিমারা আপনাদের আসল শত্রু কিনা তা আরও ভালোভাবে বোঝার জন্য?

ইরানী দূতাবাসের সামনে *হিযবুত তাহ্‌রীর*, অস্ট্রেলিয়ার প্রতিবাদ সভা

হে ইরানের শাসকবর্গ!

আপনারা যদি মনে করেন শক্তিধর দেশসমূহের সাথে বিশেষ করে যুক্তরাষ্ট্রের সাথে গোপন সম্পর্ক বজায় রেখে অত্র অঞ্চলে আপনারা আপনাদের জাতিগত ও গোত্রগত কর্মপরিকল্পনা বাস্তবায়ন করতে সক্ষম হবেন, তাহলে আপনারা নিজেরাই নিজেদের সাথে প্রতারণা করছেন। এই রাজনৈতিক শূণ্যতা বেশিদিন থাকবেনা। উম্মাহ্ আজ সম্মিলিতভাবে এগিয়ে যাচ্ছে এই শূণ্যতা পূরণের জন্য রাসূল (সাঃ) এর পদ্ধতিতে খিলাফত বাস্তবায়নের দিকে। এই খিলাফত ব্যবস্থা মুসলিমদেরকে জাতি, বর্ণ, গোত্র, মাযহাবভেদে ঐক্যবদ্ধ করবে ইসলামী শাসনের সুশীতল ছায়াতলে এবং ইসলামের বাণী ছড়িয়ে দিবে বিশ্বব্যাপী, হাতে তুলে নেবে মানবতার নেতৃত্ব।

এভাবে চোখ ও অন্তরকে অন্ধ বানিয়ে রাখবেননা, উপলব্ধি করুন সুনির্দিষ্ট ভবিষ্যত যা অপেক্ষা করছে এই দ্বীনের জন্য। অন্যদিকে যুক্তরাষ্ট্র ও প্রধান প্রধান ঔপনিবেশিক শক্তিসমূহ ধ্বংসের দ্বারপ্রান্তে আসীন। আপনাদের সম্মান আপনাদের পূর্ব পুরুষদের মত ইসলামী রাষ্ট্র বাস্তবায়নের মধ্যেই নিহিত। এটা গোত্রগত বা জাতিগত প্রকল্পের মাধ্যমে সম্ভব নয় বরং তা মুসলমানদেরকে দুর্বল করে দেয় এবং শত্রুকে করে শক্তিশালী।

হে ইরানের শাসকবর্গ!

আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা তাঁর নিজের জন্য ও তার বান্দাদের একে অপরের উপর নির্যাতনকে নিষিদ্ধ করেছেন। আল্লাহ্'র রাসূল (সাঃ) বলেছেন, **"তোমার ভাইকে সহায়তা কর, হোক সে নির্যাতনকারী বা নির্যাতিত।"** সুতরাং আমরা আপনাদেরকে উপদেশ দিচ্ছি, বেশি দেরী হয়ে যাওয়ার পূর্বেই, ইসলামের বিরুদ্ধে ও সিরিয়ার জনগণের বিরুদ্ধে বাশার আল আসাদের দমন-পীড়নকে সহায়তা বন্ধ করার জন্য। আপনাদের নিজেদের ওপর কালিমা লেপন করবেননা যা কখনও মোছার নয়। আল-কামির ইতিহাস এক্ষেত্রে আপনাদের জন্য উজ্জ্বল দৃষ্টান্ত হতে পারে। ইসলাম ও মুসলিম উম্মাহ্'র পক্ষে অবস্থান নিন এবং পশ্চিমাদের সাথে সম্পর্ক ছিন্ন করুন, জেনে রাখুন পশ্চিমাদের শক্তি মাকড়সার জালের চেয়েও দুর্বল।

হে আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা আপনি সাক্ষ্য থাকুন আমরা আমাদের আহ্বান পৌঁছে দিয়েছি।

"এবং আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা'র রয়েছে পূর্ণ ক্ষমতা এবং নিয়ন্ত্রণ তার ব্যাপারে, কিন্তু বেশিরভাগ মানুষই তা জানেনা।" **[সূরা ইউসুফ : ২১]**

হিযবুত তাহ্‌রীর, অস্ট্রেলিয়া
১৯ শে রজব, ১৪৩৩ হিজরী
৯ই জুলাই ২০১২ খ্রিস্টাব্দ

... ০৭ পৃষ্ঠার পর থেকে

...ইসলামের ব্যানার *(রা'য়া)* এবং এর পতাকার *(লিওয়া')*...

নিজেরাই ধ্বংস হয় এবং তারা আপনাদেরকে উত্তেজিত করতে চাইলে তাতে সাড়া দেবেন না। আর এটা কেমন কথা যে তারা আমাদেরকে আক্রমন করবে এবং তারপরও আমরা এই ভয়ে ভীত থাকবো আমাদের কাজ তাদের ক্রোধের উদ্রেগ করতে পারে! বরং, তাদের অন্যায় কাজের বিরুদ্ধে প্রতিক্রিয়া ব্যক্ত করা এবং এর প্রতিবাদ জানানো আমাদের অধিকার। সুতরাং, তাদেরকে প্রকাশ্যে বলে দিন যে, *"বল: তোমাদের ক্রোধে তোমরাই ধ্বংস হও।"* **[সূরা আলি ইমরান : ১১৯]**

আমরা এটা অনুধাবন করেছি যে, অবিশ্বাসী সাম্রাজ্যবাদীরা খিলাফত শব্দটিও সহ্য করতে পারে না, সুতরাং কেমন হবে যখন তারা অনুধাবন করবে যে খুব শীঘ্রই খিলাফত তাদের দরজায় কড়া নাড়বে যেভাবে তাদের পূর্ববর্তীদের নিকট তা এসেছিল?

وَظَنُّوا أَنَّهُمْ مَانِعَتُهُمْ حُصُونُهُمْ مِنَ اللَّهِ فَأَتَاهُمُ اللَّهُ مِنْ حَيْثُ لَمْ يَحْتَسِبُوا وَقَذَفَ فِي قُلُوبِهِمُ الرُّعْبَ يُخْرِبُونَ بُيُوتَهُمْ بِأَيْدِيهِمْ وَأَيْدِي الْمُؤْمِنِينَ فَاعْتَبِرُوا يَا أُولِي الْأَبْصَارِ

"তোমরা কল্পনাও করনি যে, তারা নির্বাসিত হবে এবং তারা মনে করেছিল যে, তাদের দূর্ভেদ্য দূর্গগুলো তাদেরকে আল্লাহ্ হতে রক্ষা করবে; কিন্তু আল্লাহ্'র শাস্তি এমন এক দিকে থেকে আসলো যা ছিল তাদের ধারণাতীত এবং তাদের অন্তরে তা ত্রাসের সঞ্চার করলো। সুতরাং তারা তাদের নিজেদের হাতে তাদের বাড়ী-ঘর ধ্বংস করে ফেললো এবং মুমিনদের হাতেও; অতএব হে চক্ষুষ্মান ব্যক্তিগণ! তোমরা উপদেশ গ্রহণ কর।" **[সূরা আল-হাশর : ২]**

হিযবুত তাহ্‌রীর
২৪ জুমাদিউস সানি, ১৪৩৩ হিজরী
১৫ মে, ২০১২ খিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি : *হিযবুত তাহ্‌রীর*, ইন্দোনেশিয়া

মার্কিন যুদ্ধ জাহাজের উপস্থিতি প্রত্যাখান করুন

রয়টারস্ (২১ মে ২০১২) তথ্য মতে, ইন্দোনেশিয়ান নৌবাহিনীর পূর্বাঞ্চলীয় কমান্ডার রিয়ার এ্যাডমিরাল জেনারেল প্রামোনো নিশ্চিত করেছে যে, তিনটি মার্কিন যুদ্ধ জাহাজ U.S. CG WAESCHE, U.S. Navy USS Vandegrift FFG-48 এবং USS GPN LSD 42 ৮৩১ জন লোকবলসহ ২৮ মে, ২০১২ তারিখে ইন্দোনেশিয়া প্রবেশ করবে। তাদের আগমনের তারিখ থেকে ৮ জুনের মধ্যে তারা যেসব কার্যক্রম পরিচালনা করবে, তারমধ্যে রয়েছে মাদুরাতে সামাজিক কার্যক্রম এবং ২ থেকে ৫ জুন, ২০১২ তারিখে ইন্দোনেশিয়ান নৌবাহিনীর ১,২৪৪ জন সদস্যের সাথে পূর্ব জাভার Banongan Situbondo উপকূলে যৌথ মহড়া। এ যৌথ মহড়াটির শিরোনাম হচ্ছে *"Cooperation of Afloat Readiness and Training" (CARAT),* এতে তিনটি নৌ-জাহাজ এবং অন্যান্য যুদ্ধ সরঞ্জাম ব্যবহৃত হবে। মহড়া শুরুর আগে মার্কিন যুদ্ধ যাহাজ তিনটি টানজুং পিরাক (Tanjung Perak) সাধারণ বন্দরে নোঙ্গর করা থাকবে। তাদের সুবিধার্থে বন্দর কয়েক দিনের জন্য বন্ধ করে দেয়া হবে। এ পরিকল্পনায় বন্দর কর্মচারীগণ প্রতিবাদ করেন, কারণ বন্দরের লোডিং এবং আনলোডিং কার্যক্রম স্থগিত রাখা হলে বিলিয়ন বিলিয়ন ডলার ক্ষতি হবে।

এ বির্তক সত্ত্বেও টানজুং পিরাক বন্দর খালি করার জন্য উদ্যোক্তাদের সকল ব্যবসায়িক কার্যক্রম চালু রাখার দাবি প্রত্যাখান করা হয়। মার্কিন যুদ্ধ জাহাজের উপস্থিতি এবং এ অঞ্চলে সামরিক প্রশিক্ষণ কর্মসূচী ইন্দেনেশিয়াতে ব্যাপক মার্কিন সামরিক হস্তক্ষেপ কিংবা ইন্দোনেশিয়ায় সাম্রাজ্যবাদী আমেরিকার সামরিক হস্তেক্ষেপ শুরু করার প্রমাণ করে।

অর্থনৈতিক এবং রাজনৈতিক হস্তক্ষেপ জোরদার করার মার্কিন পরিকল্পনা ইতোমধ্যেই শুরু করা হয়েছে। যেকোন প্রকারেই আমেরিকা ইন্দোনেশিয়ায় তার ব্যাপক রাজনৈতিক এবং অর্থনৈতিক স্বার্থ সংরক্ষণ করতে চায়। আমেরিকা নিশ্চিত হতে চায় যে তার সকল স্বার্থ নিরাপদে সংরক্ষিত হয় এবং যে কোন ঝুঁকি, বাঁধা বা অসুবিধা সম্পর্কে আগেই অবহিত হতে চায়। মার্কিন তিনটি যুদ্ধ জাহাজ উপস্থিতি এবং সামরিক প্রশিক্ষণ প্রোগ্রামের এটিই হচ্ছে আসল তাৎপর্য।

এ সম্পর্কে ***হিযবুত তাহরীর,*** ইন্দোনেশিয়া নিম্নোক্ত বক্তব্য উপস্থাপন করে:

১। ইন্দোনেশিয়া মার্কিন যুদ্ধ জাহাজ উপস্থিতি এবং অনুষ্ঠিবত্য সামরিক প্রশিক্ষণ কর্মসূচী প্রত্যাখান করুন। কারণ এটি মার্কিন সামরিক হস্তক্ষেপ, যা আমাদের মুসলিম দেশের উপর তাদের রাজনৈতিক এবং অর্থনৈতিক আধিপত্য জোরদার করবে।

২। আমেরিকার সাথে সামরিক প্রশিক্ষণ কর্মসূচি না করার জন্য সরকারকে সর্তক করুন। সরকারকে অবশ্যই ইন্দোনেশিয়ার যেকোন এলাকাতে, যেকোন সংখ্যক, যেকোন ধরনের মার্কিন সৈন্যের উপস্থিতি প্রত্যাখান করতে হবে, কারণ তাদের উপস্থিতি সামরিক হস্তক্ষেপ এবং দেশের উপর অধিপত্য বিস্তার করা বুঝায়। এটা সম্পূর্ণই সার্বভৌমত্ব নীতির লংঘন। সরকার টানজুং পিরাক বন্দর বন্ধ করে এবং মার্কিন সৈন্যের উপস্থিতির সুযোগ করে দিয়ে, তাদের অর্থনৈতিক এজেন্টদের আর্থিক সুবিধা প্রদান করেছে। সরকার যদি মার্কিন সৈন্যের উপস্থিতি এবং আমেরিকার সাথে সামরিক প্রশিক্ষণ কর্মসূচি চালিয়ে যায় তবে তা হবে আমেরিকা এবং এর সকল স্বার্থের সামনে আত্মসমর্পন এবং নতজানু হওয়া, যা সকল জনসাধারণ জোরালোভাবে প্রত্যাখান করে।

৩। মুসলমানদেরকে শারী'আহ্ এবং খিলাফত পুনঃপ্রতিষ্ঠার জন্য আন্তরিকভাবে সংগ্রাম করার জন্য আহ্বান করুন। কারণ একমাত্র শারি'আহ্'ই সততা এবং ন্যায়পরায়নতা বাস্তবায়ন করতে পারে এবং ধর্মনিরপেক্ষতাবাদ ও পুঁজিবাদের মূল উৎপাটন করতে পারে। এবং খিলাফতই ইন্দোনেশিয়াসহ সকল মুসলিম দেশকে যেকোন ধরনের বৈদেশিক আগ্রাসন থেকে রক্ষা করতে পারে।

মোহম্মাদ ইসমাইল ইউসান্তো
মুখপাত্র; ***হিযবুত তাহ্‌রীর***, ইন্দোনেশিয়া
১লা রজব ১৪৩৩ হিজরী
২২-০৫-২০১২ইং

... ০৮ পৃষ্ঠার পর থেকে

এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে মার্কিন সামরিক...

করছে ও ইসলামিক অঞ্চলসমূহের উপকূল জুড়ে সৈন্য মোতায়েন করছে... সে আগামী বছরগুলোতে ও দশকে পরিবর্তনের সম্ভাবনার ব্যাপারে নিশ্চিত হয়েছে, অর্থাৎ মুসলিম বিশ্বে ইসলামিক পরাশক্তির উত্থানকে, বিশেষ করে যখন মুসলিম জনসংখ্যার অর্ধেক এশিয়া/প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল ও ভারত মহাসাগরের উত্তর উপকূল জুড়ে বসবাস করে, যা পারস্য উপসাগর, মধ্যপ্রাচ্য ও আফ্রিকার মুসলিম জনগোষ্ঠির একটি বর্ধিত অংশ। আল্লাহ্'র ইচ্ছায় ইসলামিক রাষ্ট্র প্রতিষ্ঠিত হওয়ার পর এটি প্রধান কৌশলগত অঞ্চল হয়ে দাঁড়াবে। এখানে উল্লেখযোগ্য বিষয় হল, পূর্বে ইসলামিক রাষ্ট্র তার সূচনালগ্নে এসব ভূমির দ্বারপ্রান্তে কল্যাণ ছড়িয়ে দিতে এসব অঞ্চলে প্রবেশের জন্য কাজ করেছে। তিন শতাব্দী আগে পূর্বদিক থেকে মুসলিমদের মেরুদন্ড ভেঙ্গে দেয়ার উদ্দেশ্যে উপনিবেশ স্থাপন ও নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার জন্য পশ্চিমা উপনিবেশবাদীরা এ অঞ্চলে অকল্যাণের বীজ বপন শুরু করার আগে এটি প্রায় একটি সম্পূর্ণ মুসলিম ভূমিতে পরিণত হয়েছিল। এই একই সময়ে তারা মুসলিমদের রাষ্ট্র খিলাফতকে ধ্বংস করে ফেলা ও এর ইসলামিক ব্যবস্থাকে নিশ্চিহ্ন করার জন্য পশ্চিম অংশেও উপনিবেশবাদী যুদ্ধ ও ষড়যন্ত্র করছিল... এবং এতে তারা সফলও হয়েছিল। এখন তারা এর প্রত্যাবর্তনকে ভয় পাচ্ছে... এবং আল্লাহ্'র ইচ্ছায় এটি ফিরে আসা এখন সময়ের ব্যাপার মাত্র।

ব্রিটেনে প্রবাসী পাকিস্তানী কমিউনিটির পক্ষে *হিযবুত তাহ্‌রীর*, ব্রিটেনের প্রতিবাদ

পাকিস্তানের দুর্নীতিগ্রস্থ ব্যবস্থা ও অসৎ রাজনীতিবিদদের উৎখাতের আহবানে এবং খিলাফত পুনঃপ্রতিষ্ঠার পথকে বাঁধাগ্রস্থ না করার জন্য সামরিক-বেসামরিক নেতৃত্বকে হুঁশিয়ারি জানিয়েছে ব্রিটেনস্থ প্রবাসী পাকিস্তানী কমিউনিটি

বৃটেন সফরকালে পাকিস্তানের প্রধানমন্ত্রী ইউসুফ গিলানীর অবস্থানরত হেটেলের বাইরে হিযবুত তাহ্‌রীর, বৃটেন-এর প্রতিবাদ সভা

বিশ্বাসঘাতক সামরিক-বেসামরিক নেতৃত্বকে উৎখাতের দাবিতে ব্রিটেনে প্রবাসী পাকিস্তানী কমিউনিটির পক্ষে ***হিযবুত তাহ্‌রীর***, ব্রিটেন চলমান আন্দোলনের অংশ হিসেবে আজ লন্ডনস্থ পাকিস্তান হাইকমিশনের সামনে বর্তমান ব্যবস্থা অপসারণের আহ্বান জানিয়েছেন। পাকিস্তানের ওপর অব্যাহত আমেরিকান কর্তৃত্বের বিরুদ্ধে ব্রিটেনস্থ পাকিস্তানি কমিউনিটি এবং পাকিস্তানি জনগণ উভয়ই বিক্ষোভ করছে। পাকিস্তানের সামরিক ও বেসামরিক নেতৃত্ব উভয়ই জঘণ্য অপরাধে লিপ্ত এবং তারা উন্মুক্ত দুয়ার নীতির মাধ্যমে এ অঞ্চলে কর্তৃত্ব প্রতিষ্ঠায় আমেরিকাকে সুযোগ প্রদানে কোনোরকম দ্বিধা করেনা।

এতে আশ্চর্য হওয়ার কিছু নেই যে, পাকিস্তানি জনগণের মধ্য থেকে যে সমস্ত নিষ্ঠাবান ব্যক্তিরা দেশকে দুর্নীতিগ্রস্থ, দুর্বল, পশ্চিমাদের সমর্থিত ব্যবস্থা থেকে মুক্তি দেওয়ার জন্য সংগ্রাম করছে, তাদের ওপর নেমে এসেছে অপহরণ ও নির্যাতনের খড়্গ। এই সমস্ত অপহরণ আমেরিকার নির্দেশানুযায়ী হয়েছে, কারণ সত্যিকারের রাজনৈতিক পরিবর্তনের ভয়ে আমেরিকা ভীত। পাকিস্তানি শাসকদের এহেন শক্তি প্রয়োগের প্রদর্শনী থেকে এটাই প্রতীয়মান যে, পাকিস্তানের বর্তমান দুরবস্থা থেকে মুক্ত করার জন্য প্রয়োজনীয় রাজনীতি ও পরিকল্পনার দিক থেকে তারা কতটা দেউলিয়া।

আমরা ব্রিটেন প্রবাসী পাকিস্তানি নাগরিকরা পাকিস্তান সরকার ও সামরিক নেতৃত্বের কাছে নিম্নোক্ত দাবিসমূহ উপস্থাপন করছি;

১. ক্ষমতা থেকে সরে দাঁড়িয়ে খিলাফতের জন্য পথ সহজ করে দিতে হবে; নিশ্চয়ই আল্লাহ্ সুবহানাহু তা'আলা'র প্রতিশ্রুতি তোমাদের দাতা প্রভুদের চাইতে অনেক শ্রেয়।

২. তোমাদের প্রভু আমেরিকার নির্দেশে আটককৃত নাভিদ বাট সহ প্রত্যেক বন্দীকে মুক্তি দিতে হবে।

৩. আমেরিকার সাথে সকল সামরিক সহযোগিতা এবং পাকিস্তানের মাটিতে আমেরিকার সকল কার্যক্রম অবিলম্বে বন্ধ করতে হবে।

৪. আমেরিকার তল্পিবাহক বর্তমান সেনাপ্রধানকে অপসারণ করতে হবে যাতে করে নিষ্ঠাবান অফিসারগণ সামরিক নেতৃত্বে আসীন হতে পারেন।

৫. আফগানিস্তান ও পাকিস্তানে কার্যরত আমেরিকা ও ন্যাটোবাহিনীকে সকল প্রকার বস্তুগত সহায়তা প্রদান বন্ধ করতে হবে।

৬. আমরা সেই সব ক্যাঙ্গারু আদালতসমূহ ভেঙে দেয়ার দাবি তুলছি, যারা একদিকে বিচারের নামে দুর্নীতিবাজ ও বিশ্বাসঘাতক রাজনীতিবিদদের নিরাপত্তা, ক্ষমা এবং কয়েক মিনিটি আদালতে দাঁড়িয়ে থাকার তথাকথিত প্রতীকী শাস্তি প্রদানের প্রহসন করছে, অন্যদিকে নাভিদ বাটের মতো ব্যক্তিত্বদের জন্য নিরপেক্ষ ও ন্যায্য বিচারপ্রাপ্তির ব্যবস্থা করতে ব্যর্থ হয়েছে।

আমরা খুব ভালো করেই জানি, পরিবারের সদস্য আর ব্যাংক একাউন্ট ব্যতীত পাকিস্তানের জনগণের স্বার্থ চিন্তা তোমাদের হৃদয়ে অনুপস্থিত। আমরা এও ভালো করে জানি, একদিকে নিরপরাধ জনগণের হত্যাকারী আমেরিকার প্রতি তোমরা নীচাশয় দাসত্ব প্রদর্শন কর, অন্যদিকে যারা তোমাদের জবাবদিহিতা দাবি করে তাদের প্রতি তোমরা যালিম শাসকরূপে আবির্ভূত হও। আমরা সম্পূর্ণ অবগত যে, যদি তোমাদের হৃদয়ে বিন্দুমাত্রও আল্লাহ্ ভীতি থাকত, তবে তোমরা নিজ থেকে উক্ত দাবিসমূহ পূরণ করতে, আমাদের এজন্য চিঠি লিখতে হতো না। এটাও আমাদের অজানা নয় যে, তোমরা পাকিস্তানের জনগণকে দুর্বল ভেবে তাচ্ছিল্য কর, যেমনটা ফিরাউন করত বনী ইসরাঈলদের সাথে এবং আবু জেহেল মক্কার মুসলিমদের সাথে।

কিন্তু মনে রেখো, ঐসব জালিম শাসকেরা তাদের ভূমিতে তোমাদের তুলনায় অধিকতর ক্ষমতাবান ও বলদর্পী ছিল, কিন্তু যখন আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা'র সিদ্ধান্ত এলো তখন তারা কিছুই করতে পারলো না। মনে রেখো, যখন আল্লাহ্'র গযব তোমাদের ওপর নেমে আসবে, তখন তোমাদের ধনসম্পদ, সেনাবাহিনী এবং বিদেশী প্রভুরা কোনো কিছুই আর তোমাদের সাহায্য করতে পারবে না। তোমাদেরকে বাধ্য করার আগেই জনগণের ওপর নিপীড়ন বন্ধ করে দাও। পরিশেষে জানাতে চাই, কোনো কিছুই ইসলামের পুনর্জাগরণকে ঠেকাতে পারবে না, বরং তোমাদের কর্মসমূহই দুনিয়া ও আখেরাতে তোমাদের জন্য নিদারুন যন্ত্রণার উৎস হয়ে দাঁড়াবে।

ব্রিটেন প্রবাসী পাকিস্তানি কমিউনিটির পক্ষ থেকে
মিডিয়া কার্যালয়, ***হিযবুত তাহ্‌রীর***, বৃটেন
বৃহস্পতিবার, ৩রা রজব ১৪৩৩ হিজরী
২৪ মে, ২০১২ খ্রিস্টাব্দ

হিযবুত তাহ্‌রীর, উলাই'য়াহ্‌, সিরিয়া

বিকল্প তৈরির আগেই সিরিয়ার মুসলিমদের হাতে তার পুতুল শাসক বাশারের পতনের ভয়ে ভীত সন্ত্রস্ত আমেরিকা, তাই সে পুনরায় ইসলামের উত্থানকে প্রতিহত করার জন্য ইয়েমেনী মডেল বাস্তবায়ন এবং একই সাথে তা ব্যর্থ হলে সামরিক হস্তক্ষেপের ইঙ্গিত দিয়েছে

গত ২৮/০৫/২০১২ইং মার্কিন জয়েন্ট চীফস চেয়ারম্যান জে মার্টিন ডেমসপে বলে যে, "প্রয়োজনে পেন্টাগণ সিরিয়ার বর্তমান সংঘাত নিরসনে সামরিক হস্তক্ষেপ চালাতেও প্রস্তুত আছে।" ইতিপূর্বে মার্কিন জিফেন্স সেক্রেটারী পেনেট্টা, স্টেট সেক্রেটারী হিলারী ক্লিনটন এবং মার্কিন রাষ্ট্র প্রধান ওবামা কর্তৃক সিরিয়ায় সামরিক হস্তক্ষেপের বিষয়টি বাতিল করে ধারাবাহিকভাবে বক্তব্য দেয়ার পরপরই হঠাৎ করেই এই বক্তব্যটি আসল। তারা সিরিয়ায় সামরিক হস্তক্ষেপের বিষয়টি বাতিল করে দিয়েছিল কেননা তা পরিস্থিতি জটিল করে তুলবে। এ সংক্রান্ত সর্বশেষ ঘোষণাটি আসে জি-৮ ও ন্যাটো দেশগুলোর সম্মেলন থেকে। সিরিয়ার ব্যাপারে মার্কিন যুক্তরাষ্ট্রের ভূমিকা ছিল মূলতঃ দালাল বাশারকে হত্যা ও ধ্বংসযজ্ঞের মাধ্যমে টিকে থাকার সুযোগ তৈরী করে দেয়া যতক্ষণ না যুক্তরাষ্ট্র সিরিয়ায় তার প্রভাব অক্ষুন্ন রাখার জন্য বিকল্প কাউকে খুঁজে না পায়। এ উদ্দেশ্য সফল করার জন্য সে শান্তিপূর্ণ ক্ষমতা হস্তান্তর ও রাজনৈতিক সমঝোতার আহ্বান জানিয়েছে ও বিভিন্ন ডেডলাইন দিয়েছে। এর সাথে আরব পর্যবেক্ষক ও আন্তর্জাতিক পর্যবেক্ষক দলের কার্যকলাপও এ উদ্দেশ্যেই পরিচালিত হয়েছে। সর্বশেষ কফি আনান কর্তৃক গৃহীত পদক্ষেপটি আমেরিকার পথকে সুগম করেছে। কফি আনান যখন সিরিয়ায় সরকার ও বিরোধীদেরকে আলোচনার টেবিলে আহ্বান করেছিল তখন সে বলেছিল যে, সিরিয়ার সংঘাত ও সহিংসতার অবসান ঘটিয়ে একটি রাজনৈতিক প্রক্রিয়া শুরু করা ছিল তার মিশনের আসল উদ্দেশ্য।

কফি আনানের এই উদ্যোগটি মূলতঃ মার্কিন পরিকল্পনা। হাওলা হত্যাকান্ডের পর যখন কুটনৈতিক সম্পর্ক চরম সংকটের মধ্যে তখন সে সিরিয়ায় সফর করে এই বার্তা বহন করে যে, মার্কিন সমাধান ছাড়া সিরিয়ান সরকারের দমন-নীপিড়ন থেকে মুক্তির কোন উপায় নেই। এভাবেই আমেরিকা তার পরিকল্পনা বাস্তবায়নের পথে এগিয়ে যায় – নিরীহ জনগণের উপর ভয়াবহ হত্যাযজ্ঞ চালায় এমন বর্বর শাসকের পক্ষাবলম্বন আর কফি আনানের এ পদক্ষেপটি, যে আনান মানবতার বিরুদ্ধে সংঘটিত অপরাধ গোপন করার ব্যাপারে সিদ্ধহস্ত এবং সূচতুরভাবে গোপন করতে পারদর্শী। বসনিয়ার মর্মান্তিক ঘটনা সমূহ সেই সাক্ষ্য বহন করছে। আমাদের স্মৃতিতে এখনো বসনিয়ার সেই ভয়াল চিত্র অক্ষত রয়েছে যখন পশ্চিমা বিশ্ব ও জাতিসংঘ বসনিয়ার মুসলিমদেরকে নির্মমভাবে হত্যা ও জবাই করার জন্য সার্বীয়দের কাছে হস্তান্তর করে যারা স্রেব্রেনীতচায় ৮,০০০ বেশী মুসলিম পুরুষ ও শিশুদের হত্যা করে। আর এই কফি আনান তখন সেখানে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনের দায়িত্বে নিয়োজিত ছিল। কিন্তু যখন তারা মুসলিমদের পক্ষে সুফল দেখতে পেল তখন তারা তাতে হস্তক্ষেপ করে তাদের অন্যায় সমাধান চাপিয়ে দিল।

একইভাবে বসনিয়াতে যখন পরিস্থিতি মুসলিমদের অনুকুলে চলে গেল আমেরিকা তখন সামরিক হস্তক্ষেপ করেছিল এবং তাদের শক্তি সামর্থ্য খর্ব করে তাদেরকে মার্কিন সমাধান মেনে নিতে বাধ্য করেছিল। এইভাবে পরিস্থিতি যখন বিদ্রোহী মুসিলমদের অনুকুলে চলে গেছে এবং তার বিশ্বস্ত দালাল বাশারের অবস্থা এতটা নাজুক যে, আমেরিকা উপযুক্ত বিকল্প দালাল খুঁজে পাওয়ার আগেই তার পতন ঘটতে পারে তখনই আমেরিকা তার বক্তব্যের সুর পরিবর্তন করেছে। ইতিপূর্বে আমেরিকা কাতারের মাধ্যমে সিরিয়ার বাশার সরকারকে পরিবর্তনের জন্য সময় বেঁধে দেয় যেখানে সে বাশারকে অপসারণ করে তদস্থলে তার সরকারের মধ্য থেকে একজনকে ডেপুটি হিসেবে মনোনয়োনের প্রস্তাব দেয়। ইয়েমেনেও আমেরিকা একই ধরণের প্রস্তাব দেয় কিন্তু সেখানে তা প্রত্যাখ্যাত হয়। কেননা ইয়েমেন ছিল ব্রিটিশপন্থী। আমেরিকা আবার তার আগের বক্তব্যে ফিরে এসেছে। ওবামা জি-৮ এর নেতৃবৃন্দদের সঙ্গে নিয়ে বাশারের প্রস্থানের উপর জোর দিচ্ছে। সে ইয়েমেনের রাজনৈতিক পট পরিবর্তনকে মডেল হিসেবে দাঁড় করিয়ে সিরিয়ায়ও তা কার্যকর করার মনস্থির করেছে। সেই প্রেক্ষিতে মার্কিন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা থামাস ডনিলন বলে যে, ওবামা ইয়ামেনী মডেলকে ভিত্তি করে ক্যাম্প ডেভিডে অনুষ্ঠিত জি-৮ শীর্ষ সম্মেলনের সাইডলাইনে রাশিয়ান প্রেসিডেন্ট মেদভেদেকে সঙ্গে নিয়ে সিরিয়ায় শান্তিপূর্ণ ক্ষমতা হস্তান্তরের বিষয়টি আলোচনা করেছে। সে আরো বলে যে, এই ইস্যুটি নিয়ে ওবামা ও পুতিনের মধ্যে আলোচনা হবে, যা হবে এ দুজনের মধ্যকার প্রথম বৈঠক। আমেরিকা এ ব্যাপারে যথেষ্ট সচেতন যে, সিরিয়ার বিদ্রোহী জনতা এক দালালের পরিবর্তে অন্য দালালকে গ্রহণের জন্য আন্দোলন করছে না বা একটি কুৎসিত চেহারার পরিবর্তে অন্য একটি অপেক্ষাকৃত কম কুৎসিত চেহারার জন্যও না। অর্থাৎ বাশার, তার ডেপুটি, তার ডেপুটির ডেপুটিসহ তার সকল সহযোগিরাই পাপাচার, নিষ্ঠুরতা ও প্রতারণায় সমান পারদর্শী। বিদ্রোহীরা বর্তমান অত্যাচারী শাসনকে উৎখাত করে ইসলামের আবাসস্থল শামে বা সিরিয়ায় ইসলামী শাসন তথা খোলাফায়ে রাশেদাহ্‌ প্রতিষ্ঠা না করা পর্যন্ত ক্ষান্ত হবে না। ফলে আমেরিকা সামরিক হস্তক্ষেপের হুমকি দিতে বাধ্য হয়েছে যা মার্কিন সেনাবাহিনীর চীফ অফ ষ্টাফ মাটিন ডেম্পসের ঘোষণায় উঠে এসেছে। এই ঘোষণাটি সিরিয়ায় মার্কিন স্বার্থ ও প্রভাবের উপর যেকোন হুমকির ক্ষেত্রে সামরিক হস্তক্ষেপের প্রস্তুতির ঈঙ্গিত বহন করে। অনেকে সরল মনে ভেবে থাকতে পারেন এটা সিরিয়ান সরকার পরিবর্তনের উদ্দেশ্যে সামরিক হস্তক্ষেপ কিন্তু সত্যিকারার্থে তা নয়। যে সময়ে এ বক্তব্য দেয়া হলো তা থেকে এটা স্পষ্ট যে, সিরিয়ায় মার্কিন প্রভাব ও স্বার্থ এক গভীর সংকটে উপনীত হয়েছে। এতে আরো বুঝা যাচ্ছে যে, বাশার সরকারের অবস্থা খুবই নাজুক এবং আমেরিকার হাতে বিকল্প নেতৃত্ব তৈরির জন্য সময় নেই। সুতরাং আমেরিকা সিরিয়ায় সামরিক হস্তক্ষেপের যে হুমকি দিয়েছে তা মূলতঃ বিদ্রোহী মুসলিমদের ভয় দেখানোর জন্যই করা হয়েছে যেন তারা সিরিয়ায় ইসলামী শাসন প্রতিষ্ঠা না করে। আর ইসলামী শাসন প্রতিষ্ঠিত হলে আমেরিকাকে নিজের অস্তিত্ব রক্ষার্থে তার আঙ্গিনার দিকে পিছু হটতে হবে।

হে মুসলিমগণ!

সিরিয়ান সরকারের অভ্যন্তরীণ অবস্থা শুধুমাত্র কম্পমানই নয় বরং এর স্তম্ভগুলো আজ পতনোন্মুখ। সফলতার পাল্লা সে সকল বিদ্রোহীদের দিকে ভারী যারা তাদের আদর্শের মূলে সুদৃঢ় এবং অত্যাচারী এই সরকারকে উৎখাতের ব্যাপারে দৃঢ় সংকল্পবদ্ধ। তদুপরী দামেস্কে যে আঘাত হানা হয়েছে তা থেকে বুঝা যায় যে, বাশারের ক্ষমতা তার রাজ প্রাসাদ, নিরাপত্তা হেড কোয়ার্টার ও ব্যারাকের মধ্যেই সীমাবদ্ধ রয়েছে। সিরিয়ার বিখ্যাত মার্কেট ও সড়ক হীরাকাহ, আল-আসরুনিয়্যাহ, মিদাত পাশা ও খালিদ বিন ওয়ালিদের পর এবার বিখ্যাত হামিদিয়্যাহ মার্কেটও বন্ধ হয়ে গেলো। দামেস্কের প্রাণকেন্দ্রে আঘাতটা ছিল এই সরকারের জন্য এক চরম আঘাত যার পাকস্থলীতে ইতিমধ্যেই পচন ধরেছে।

হে সিরিয়ার আন্দোলনরত মুসলিমগণ! সফলতা ও বিজয় ইনশা'আল্লাহ্‌ আপনাদের জন্যই।

একজন পদপ্রদর্শক তার লোকদের প্রতি কখনোই মিথ্যা বলে না। ***হিযবুত তাহ্‌রীর*** এই সংকটময় মুহূর্তে আপনাদেরকে পশ্চিমাদের ব্যাপারে সতর্ক করছে। সুতরাং আপনারা পশ্চিমাদের সকল প্রস্তাব ও পদক্ষেপকে প্রত্যাখ্যানের ঘোষণা দিন এবং সেইসব বিরোধী গ্রুপদের প্রত্যাখান করুন যারা পশ্চিমা দূষিত সমাধান গ্রহণ করেছে। আপনারা অবশ্যই পশ্চিমার সাথে যে কোন আলোচনার ব্যাপারে সতর্ক থাকবেন আপনারা জানেন যে, পশ্চিমাদের কাছে সমাধান চাওয়া হলো ক্ষমার অযোগ্য প্রতারণা। আপনারা মার্কিন চীফ অফ স্টাফের সামরিক হস্তক্ষেপের হুমকিতে ভীত হবেন না। কেননা আপনারা যতক্ষণ আল্লাহ্ সুবাহানাহু ওয়া তা'আলা ও তার রাসূলের (সাঃ) প্রতি একনিষ্ট থাকবেন ইনশা'আল্লাহ্ আমেরিকা ও তার সহযোগিরা অবশ্যই পরাজিত হবে। আপনারা, আপনাদের অনুগত সেনারা এবং আপনাদের চারপাশের মুসলিম উম্মাহ্ ইনশা'আল্লাহ্ অবশ্যই অত্যাচারী সরকারকে উৎখাত করতে সফল হবেন। আপনারা ঘোষণা দিয়েছেন "আমরা আল্লাহ্ ছাড়া কারো কাছে মাথা নত করবো না।" অতএব, আপনারা এ ঘোষণা দেন, "আমরা কখনো আমেরিকার কাছে নত হব না এবং তার ষড়যন্ত্রমুলক সমাধান গ্রহণ করবো না।" ঘোষণা দিন যে সকল গোপন ষড়যন্ত্রের দিন শেষ। পশ্চিমাদের বলুন, আজকের পর আমাদের উপর কর্তৃত্ব করার কোন পথ তোমাদের খোলা নেই। ঘোষণা দিন যে, আমাদের আন্দোলনের একমাত্র উদ্দেশ্য হলো পশ্চিমা শক্তি ও তাদের অত্যাচারী দালালদের রচিত কুফর শাসন থেকে পূর্ণ মুক্তি এবং একমাত্র ইসলামকে তথা নবুয়্যতের আদলে খিলাফতকে আমাদের দ্বীন, শাসন ও জীবনব্যবস্থা হিসেবে গ্রহণ করবো। তাদেরকে জানিয়ে দিন, ইসলামের আবাস ভূমি ও মহান যুদ্ধক্ষেত্র এই শাম এর বিরুদ্ধে পরিচালিত কাফির-মুশরিকদের সকল ষড়যন্ত্রের জন্য শ্মাশানে পরিণত হবে।

আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা বলেন,

"যারা সীমালংঘন করেছে তারা তাদের ষড়যন্ত্রের জন্য আল্লাহ্'র পক্ষ থেকে লাঞ্ছনা ও কঠিন শাস্তিভোগ করবে।"

হিযবুত তাহ্‌রীর, উলাই'য়াহ্, সিরিয়া
৮ই রজব, ১৪৩৩ হিজরী
২৯ শে মে, ২০১২ইং

প্রেস বিজ্ঞপ্তি : *হিযবুত তাহ্‌রীর*, পূর্ব আফ্রিকা

সন্ত্রাস দমন আইন মুসলিমদের নিপীড়নের একটি কৌশল

নাইরোবি, মোম্বাসাসহ দেশের অন্যান্য অঞ্চলে সিরিজ গ্রেনেড বিস্ফোরণের পর কেনিয়ার সরকার 'সন্ত্রাস দমন বিল' পাস করার জন্য সিদ্ধান্ত নিয়েছে যা এখন সন্ত্রাস প্রতিরোধ বিল, ২০১২ নামে পরিচিত। এ বিলটি সর্বপ্রথম ২০০৩ সালের ৩০ এপ্রিল তারিখে অফিসিয়াল কেনিয়ান গেজেট সাপ্লিমেন্ট নম্বর ৩৮ এ প্রকাশিত হয় – যা নয় বছর আগে সংসদ সদস্যদের দ্বারা প্রত্যাখাত হয়।

ইসলামিক রাজনৈতিক দল ***হিযবুত তাহ্‌রীর***, পূর্ব আফ্রিকা এ ইস্যুটিকে নিম্নোক্ত দিকগুলোর মাধ্যমে তুলে ধরতে চায়:

প্রথমতঃ এ বিলটি হচ্ছে সন্দেহভাজন ব্যক্তির অধিকারসহ নতুন সংবিধানে অন্তর্ভুক্ত করা মানবাধিকারের লঙ্ঘন, যদিও কেনিয়ার সরকার গর্বের সাথে দাবি করে যে এসব তথাকথিত নতুন মানবাধিকার ও নতুন সংবিধান 'নতুন কেনিয়াকে!!!' সরকারের পক্ষ থেকে নাগরিকদের জন্য বড় পুরষ্কার। উদাহরণস্বরূপ বলা যায় যে, সন্ত্রাস দমন বিলের ৩০ অনুচ্ছেদ অনুসারে পুলিশ একজন সন্দেহভাজন ব্যক্তিকে কোন আইনজীবী বা তার পরিবারের সদস্যদের সাথে দেখা করতে না দিয়ে ৩৬ ঘন্টা হেফাজতে রাখতে পারবে, যদিও নতুন কেনিয়ান সংবিধানের ৪৯ অনুচ্ছেদে স্পষ্টভাবে উল্লেখ করা হয়েছে যে, একজন সন্দেহভাজনকে কোন অভিযোগ দায়ের করা ছাড়া সর্বোচ্চ ২৪ ঘন্টা হেফাজতে রাখা যাবে ও এ সময়ের মধ্যে তাকে আইনি সহায়তা পাওয়া ও আত্নীয় স্বজনের সাথে দেখা করার গ্যারান্টি প্রদান করতে হবে। এ থেকেই প্রতীয়মান হয় যে, তথাকথিত সন্ত্রাসের বিরুদ্ধে যুদ্ধের মাধ্যমে ইতোমধ্যে তারা নিজের সংবিধান নিজেরাই লঙ্ঘন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। অথচ 'সর্বোচ্চ আইন' বলে তারা নাগরিকদের সেটির প্রতি শ্রদ্ধা প্রদর্শন এবং এটিকে লঙ্ঘন না করার জন্য আহ্বান জানানো হয়।

দ্বিতীয়তঃ সন্ত্রাসের বিরুদ্ধে যুদ্ধের নামে মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধের ধারাবাহিকতায় সরকার একটি নতুন মোড় নিচ্ছে। আমরা যে কারণে ধারাবাহিকতা বলছি সেটি হল ইতোমধ্যে অ্যান্টি টেরর পুলিশ ইউনিট (ATPU) নামে পুলিশের বিশেষ ইউনিট রয়েছে যা আদালতের রুলিং ছাড়াই মুসলিমদের বাড়িতে তল্লাশী চালায়, যথেচ্ছ গ্রেফতার করে, নির্যাতন এবং এমনকি অবৈধভাবে অন্যদেশে নির্বাসনে পাঠায়। সবচেয়ে বেশী দুঃখের বিষয় হল পুলিশের নির্যাতনে ইতোমধ্যে কিছু সন্দেহভাজন ব্যক্তি নিহত হয়েছে এবং এ ব্যাপারে আজ পর্যন্ত কেউ ক্ষমা চায়নি অথবা নিহতের একটি পরিবারকেও ক্ষতিপূরণ প্রদান করা হয়নি! একই সময়ে এটি উল্লেখ করা যায় যে, এই বোমা বিস্ফোরণের ঘটনা সরকার কর্তৃক একটি ভীতিকর পরিবেশ তৈরির অপচেষ্টার অংশ, যাকে পুঁজি করে নিপীড়নমূলক সন্ত্রাস দমন বিলটি পাশ করিয়ে নেয়া হবে, যার টার্গেট হলো মুসলিমরা!

তৃতীয়তঃ পশ্চিমাদের চাপের কারণেই এ বিল পাশ করা হয়েছে, বিশেষ করে মার্কিন যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য সরকারের কারণে, যারা কেনিয়া সরকারকে নিয়ন্ত্রণ করে। যুক্তরাষ্ট্র কংগ্রেস 'পেট্রিয়ট অ্যাক্ট ২০০১' পাশ করে এবং এর কারণে সেদেশে অনেক বিদেশী মুসলিমকে গ্রেফতার করা হয়। সন্ত্রাসের বিরুদ্ধে যুদ্ধের নামে ইসলামের বিরুদ্ধে যুদ্ধ শুরু করার ক্ষেত্রে যুক্তরাজ্য সরকারও পিছিয়ে নেই। সে অতি সম্প্রতি কেনিয়া সরকারকে চারটি লরি ও ৩৭টি রেডিও কল যন্ত্র প্রদান করে। যন্ত্রপাতি প্রদান করার সময় কেনিয়ায় অবস্থানরত যুক্তরাজ্যের দূত বলে যে, ভয়াবহ হুমকি হওয়ায় তার সরকার খুব শক্তিশালীভাবে সন্ত্রাসের বিরুদ্ধে যুদ্ধের ব্যাপারে প্রতিজ্ঞাবদ্ধ। এটি খুব স্পষ্ট যে, যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য কেনিয়া সরকারকে এ ধরনের নির্যাতনমূলক বিলের ব্যাপারে চাপ দিচ্ছে।

চতুর্থতঃ ইসলাম ও মুসলিমদের সন্ত্রাসের সাথে যুক্ত করার উদ্দেশ্যমূলক কর্মসূচীর কারণে পশ্চিমা প্রচার মাধ্যম ইসলামকে রক্তপিপাসু ধর্ম হিসেবে হেয় প্রতিপন্ন করার বিশাল সুযোগ

...১৮ পৃষ্ঠায় দেখুন

হিযবুত তাহ্‌রীর, উলাই'য়াহ্‌, পাকিস্তান

পাকিস্তানে মার্কিন স্বার্থের পাহাড়াদার, জেনারেল কায়ানীর প্রতি *হিযবুত তাহ্‌রীর*-এর খোলা চিঠি

সত্যের অনুসারীদের প্রতি আল্লাহ্‌ সুবহানাহু ওয়া তা'আলা'র হেদায়াত।

তোমার প্রতি আমরা চিঠিখানা এমন সময় পাঠাচ্ছি যখন তুমি পাকিস্তানের পূর্ব-পশ্চিম তথা সমগ্র দেশকে এক গভীর সংকটে নিপতিত করার পদক্ষেপ নিতে যাচ্ছ। আর আমরা তোমাকে এমন এক সময়ে লিখেছি যখন মুসলিম উম্মাহ্‌ খিলাফতের দিকে ধাবিত হওয়ার জন্য বেন আলী থেকে শুরু করে বাশার আল আসাদসহ সকল অত্যাচারী শাসকদেরকে উৎখাতের আন্দোলনে নেমেছে। আমরা তোমাকে পাকিস্তানের কুফর সাম্রাজ্যবাদী শাসনের রক্ষণাবেক্ষণের জন্য আমেরিকার পাহাড়াদার হিসেবে আখ্যায়িত করছি। যে কিনা মুসলিম উম্মাহ্‌'র সম্মতিতে বাই'আত গ্রহণ করে ক্ষমতায় আরোহন করেনি বরং সে কুফর বৈদেশিক শক্তি আমেরিকার কর্তৃত্ব ও দিক নির্দেশনায় ক্ষমতায় এসেছে। যার ফলে তুমি প্রতারণা ও ধোকাবাজীর এক চমৎকার ক্যারিয়ার গড়েছ।

আমেরিকা তোমাকে পশ্চিমাদের পদলেহনকারী দালালদের মধ্য থেকে চূড়ান্তভাবে বাছাই করার পূর্বেই তুমি দালালীপনা ও জাতির সাথে বিশ্বাসঘাতকতায় আমেরিকার আস্থা ও প্রসংশা অর্জন করেছ এবং সেই সাথে মহান পরাক্রমশালী আল্লাহ্‌ সুবহানাহু ওয়া তা'আলা'র ক্রোধ ও অভিশাপ অর্জন করেছ। তোমার পূর্বসুরী অপর দালাল মোশাররফের সময় তুমি পাকিস্তানের মাটিতে ও সীমান্তে মার্কিন সামরিক ও গোয়েন্দা উপস্থিতি প্রতিষ্ঠায় সহযোগিতা করেছ। তুমি মোশাররফকে দেশদ্রোহীতায় সহযোগিতা করেছ। এ অঞ্চলে আমেরিকার অনুপ্রবেশের পথ উন্মুক্ত করেছ, মুসলিম উম্মাহ্‌'র সম্পদকে তাদেরই স্বার্থবিরোধী কাজে অপব্যবহার করেছ। তুমি আমেরিকাকে আফগানিস্তান আক্রমণ করার সুবিধার্থে পাকিস্তানের আকাশসীমা, ভূমি ও সামরিক স্থাপনা ব্যবহারের সুযোগ করে দিয়েছ। অতঃপর যখন আমেরিকা পাকিস্তানের উপজাতীয় সাহসী মুসলিমদের হাতে চরমভাবে পর্যদুস্ত ও অবরুদ্ধ হয়ে পড়েছিল, তখন তুমি আই.এস.আইয়ের প্রধান হিসেবে লাল মসজিদ ও জামিয়া হাফসায় গণহত্যা চালিয়েছ যার ফল ছিল উপজাতীয় অঞ্চলে রক্ষক্ষয়ী "ফিতনার যুদ্ধের" সূচনা। সেই রক্তক্ষয়ী যুদ্ধে তুমি মুসলিম উম্মাহ্‌'র শক্তিকে উম্মাহ্‌'র বিপক্ষে ব্যবহার করেছ। অথচ পাকিস্তান সেনাবাহিনী ও মুজাহিদরা কাঁধে কাঁধ মিলিয়ে কাফিরদের প্রতিহত করার কথা ছিল। পক্ষান্তরে তুমি হানাদার ক্রুসেডার বাহিনীকে রক্ষার জন্য হাজার হাজার মুসলিম সেনা ও নিরীহ নাগরিকদের মৃত্যুর মুখে ঠেলে দিয়েছ। এরা সেই ক্রুসেডার বাহিনী যারা কুর'আন অবমাননা করে, শহীদদের মৃতদেহে প্রশ্রাব করে, শিশুদের হত্যা ও মুসলিম নারীদের লাঞ্ছিত করে।

আর হিন্দু শত্রুদের ক্ষেত্রে, আপনি ও মোশাররফ কাশ্মিরের মুসলিমদের জিহাদ নিষিদ্ধ করার মাধ্যমে তাদেরকে বর্বর হিন্দুদের হাতে সমর্পন করেছেন। তোমরা উভয়েই মুসলিমদের বিরুদ্ধে তাদের ষড়যন্ত্র বাস্তবায়নে সাহায্য করেছ। যার ফলে ইন্ডিয়া পাকিস্তানের বেলুচিস্তান ও উপজাতীয় এলাকায় তাদের প্রভাব বিস্তার করে অস্থিতিশীলতা তেরি করেছে। আর আমেরিকা ভারতকে আফগানিস্তানে দৃঢ় অবস্থানের সুযোগ করে দিচ্ছে যেখানে ভারত তার অপকর্ম চালাবে।

অতঃপর যখন মুসলিম উম্মাহ্‌'র সম্মুখে মোশাররফের মুখোশ উন্মোচিত হতে শুরু করল তখন আমেরিকা পাকিস্তানের অভ্যন্তরীণ বিষয়ে তাদের প্রতিদ্বন্দী ব্রিটেনের সাহায্য নিতে বাধ্য হলো। তখন তুমি মোশাররফ ও পাকিস্তানের সাম্রাজ্যবাদী ব্যবস্থাকে টিকিয়ে রাখার জন্য এদিক সেদিক দৌড়ঝাঁপ করে বেনজির ভুট্টোর সাথে সমঝোতায় আসলে। আর যখন মোশাররফের মুখোশ পুরোপুরি খুলে পড়ল তখন মার্কিন ডেপুটি সেক্রেটারী জন নেগ্রোপন্টে তোমাকে ব্যক্তিগত ভাবে পাকিস্তানের মার্কিন দালাল শাসক হিসেবে নিয়োগ দিল এবং তোমাকে ঘন্টার পর ঘন্টা যাবৎ বিভিন্ন নির্দেশনা দিল। অতঃপর মোশাররফকে আবর্জনার স্তুপে ছুঁড়ে ফেলল যা তোমার জন্য একটি নিদর্শন যদি না তুমি এ থেকে প্রকৃত শিক্ষাটা অনুধাবন করতে পার।

তোমার এই পদন্নোতি ও ওয়াশিংটন কর্তৃক প্রদত্ত অন্যান্য সুবিধাদির ফলে তুমি এখন তাদের উদ্দেশ্য সফলের প্রতি আরো প্রতিজ্ঞাবদ্ধ। মোশাররফের ভূল থেকে শিক্ষা নিয়ে আমেরিকা তোমাকে গিলানি ও জারদারী নামক দুটি দালাল দিয়েছে যেন তুমি নিশ্চিন্তে মার্কিন স্বার্থ রক্ষায় সাহায্য করতে পার। এ দুটি পাকিস্তানে এমন কিছু পুঁজিবাদী কুফর নীতিমালা গ্রহণ করেছে যা মূলতঃ পাকিস্তানের মুসলিমদেরকে তাদের মৌলিক চাহিদা, তেল, গ্যাস, বিদ্যুৎ শিক্ষা ও স্বাস্থ্যের অধিকার থেকে বঞ্চিত করেছে। অথচ পাকিস্তানে পর্যাপ্ত সম্পদ বিরাজমান রয়েছে। অভাব অনটনে নিমজ্জিত থেকে তারা যেন তোমার অপরাধের বিরুদ্ধে টু শব্দও করতে না পারে এটাই তাদের লক্ষ্য। একই পরিকল্পনার অংশ হিসেবে আমেরিকা "ক্রিয়েটিভ কেওয়াস" নামে এক পদ্ধতি হাতে নিয়েছে, যা মূলতঃ গিলানী ও জারদারীকে পরিবর্তন করে কিংস পার্টি নামে নতুন এক মুখোশ পরানোর ষড়যন্ত্র।

কত কিই না করেছ তুমি! আমেরিকা যখন পাকিস্তানের পরিস্থিতি ঘোলাটে করার জন্য তার প্রাইভেট এজেন্সি ও রেমন্ড ডেভিসের বাহিনীকে কাজে লাগিয়ে পাকিস্তান সেনাবাহিনীকে বোমা বিস্ফোরন ও গুপ্তহত্যার লক্ষ্যবস্তুতে পরিণত করেছিল তুমি তখন উল্টো উপজাতীয় অঞ্চলে দমনাভিযান জোরদার কর। আমেরিকা যখন পাকিস্তানের সার্বভৌমত্বকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে অ্যাবোটাবাদে আক্রমন চালাল এবং তোমার মুখোশ যখন খুলে যাচ্ছিল তুমি তখন সেনাবাহিনীর ক্ষোভকে উপশম করার জন্য দ্বারে দ্বারে দৌড়ঝাঁপ শুরু কর। অতঃপর তোমার ঘনিষ্ঠ সহযোগী মার্কিন সেনাবাহিনীর কমান্ডার মাইক মুলেনের পাকিস্তান সফরের পর তুমি নতুন করে পাকিস্তানে সেনাবাহিনীর মধ্যে থেকে মার্কিনবিরোধী সাহসী কণ্ঠগুলোকে নির্মুল করার অভিযানে নাম। আর যখন আমেরিকা ও ন্যাটো বাহিনী পাকিস্তানের সালালা চেকপোষ্টে বর্বোরোচিত হামলা চালাল যার ফলে সেনাবাহিনীর মধ্যে ক্ষোভ ও উত্তেজনা

বৃদ্ধি পেল তুমি তখন এ ক্ষোভ নিবৃত্ত করার মানসে ন্যাটোকে রসদ সরবরাহ বন্ধ করে দিলে। কিন্তু তা ছিল মূলতঃ তোমার পতনুখ মুখোশটি ধরে রাখার অপপ্রয়াস মাত্র। তারপর তুমি আবার পার্লামেন্টের ভিতর এক নাটক সাজিয়ে ন্যাটো রসদ সরবরাহ পুনরায় চালু করার তোড়জোর শুরু করলে।

যাই হোক, আমরা তোমাকে এটা নিশ্চিত করে বলতে পারি যে, তোমার দালালিপনার মুখোশ আজ এমন এক অবস্থায় এসে পড়েছে যে, তোমার ঘনিষ্ঠজনরাও তোমাকে প্রত্যাখ্যান করতে শুরু করেছে। আর যারা তোমাকে মৌখিক সমর্থন দিয়ে যাচ্ছে তারাও অচিরে তোমাকে প্রত্যাখ্যান করবে। ঠিক মোশাররফফের শেষ দিনগুলোর মতই তুমিও প্রভুদের দ্বারে দ্বারে ঘুরে নিজেকে রক্ষার এক ব্যর্থ চেষ্টা চালাচ্ছ।

পাকিস্তানের উপজাতীয় অঞ্চলে ভারতের প্রভাব বৃদ্ধির আশংকার অজুহাত দাঁড় করিয়ে তুমি মার্কিনীদের স্বার্থে সেখানে সশস্ত্র বাহিনী প্রেরণ করেছ, অথচ তুমি এখন সেই ভারতের কাছেই পাকিস্তানকে নতজানু করতে চাও। তুমি শত সহস্র শহীদ জাওয়ানদের বুকের উপর দাঁড়িয়ে তোমার প্রভুদের সুরের প্রতিধ্বনিতে ভারতের সাথে সমঝোতার কথা বলছ এবং পাকিস্তানের বুকচিরে ভারতকে মধ্যপ্রাচ্য ও মধ্য এশিয়ার মুসলিম ভুখন্ডের উপর আধিপত্য বিস্তারের সুযোগ করে দিচ্ছ। তুমি জান যে, এই মৌলবাদী হিন্দু রাষ্ট্রটি শুধুমাত্র ব্রাহ্মণদের স্বার্থ ছাড়া মুসলিম, শিখ নির্বিশেষে সকলের উপর অন্যায়, অত্যাচার চালিয়ে যাচ্ছে। তুমি পাকিস্তানী মুসলিমদের আরেক ভয়াবহ বিপদের দিকে ঠেলে দিচ্ছেন। তুমি জান যে, শুধুমাত্র ইসলামের অধীনেই এই উপমহাদেশ শান্তি ও সমৃদ্ধির শিখরে পৌঁছেছিল যা তৎকালীন বিশ্বের জন্য ঈর্ষার বিষয় ছিল। তা সত্ত্বেও তুমি এই বেপরোয়া বোকামির সিদ্ধান্ত নিয়েছ কারণ তোমার প্রভু আমেরিকা চাচ্ছে পাকিস্তানকে ভারতের নিকট নতজানু করতে যাতে সে ভারতের মাধ্যমে এ অঞ্চলে চীনের আধিপত্য মোকাবেলা করতে পারে।

তুমি আফগানিস্তানে মার্কিন দখলদারিত্ব টিকিয়ে রাখতে তাদের জন্য একনিষ্ঠভাবে কাজ করেছ যদিও তুমি উম্মাহ্'র সম্মুখে আমেরিকার প্রতি সহযোগিতা প্রত্যাহারের এক নাটক করেছ। আর আমেরিকার এ যুদ্ধকে পাকিস্তানের অভ্যন্তরে উত্তর ওয়াজিরিস্তান, করাচী, মুলতানসহ আরো সম্প্রসারিত করতে তুমি যথেষ্ঠ প্রচেষ্টা চালাচ্ছ। ISAF কমান্ডার ও মার্কিন জেঃ জন এলেনসহ অন্যান্যদের সাথে নিয়ে তুমি নির্লজ্জভাবে এ ষড়যন্ত্র করেছ, যাদের হাতে সালালা চেকপোষ্টের মুসলিম সেনাদের তাজা রক্ত লেগে আছে।

তুমি তোমার প্রতারণা ও দেশদ্রোহীতার ক্যারিয়ারে নতুন এ অধ্যায়ের সূচনা করতে গিয়ে যখন বুঝতে পারলে যে, মুসলিম বিশ্বের অন্যান্য অত্যাচারী শাসকদের মত বন্দুকের নল তোমার দিকেও ঘুরতে শুরু করেছে তখন তুমি নিষ্ঠাবান সেনাঅফিসারদের দমন করার পাশাপাশি মার্কিন দখলদারিত্ব ও দালালিপনার বিরুদ্ধে সোচ্ছার সাহসী কণ্ঠগুলো রোধ করতে দমন অভিযানে নামলে। তুমি ***হিযবুত তাহ্‌রীর***-এর সেই সব রাজনৈতিক কর্মীদেরকে হয়রানি, গ্রেফতার, গুম, পাশবিক নির্যাতনের হীন পথ অবলম্বন করেছ যারা ক্রমাগতভাবে আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা, তাঁর রাসূল (সাঃ) ও মুমিনদের বিরুদ্ধে পরিচালিত তোমার সকল অপকর্ম জনসম্মুখে উন্মোচন করে আসছে। সুতরাং, তুমি সেনাঅফিসারদেরকে খিলাফত প্রতিষ্ঠার লক্ষ্যে ***হিযবুত তাহ্‌রীর***-কে নুসরাহ্ প্রদানের পথ না করে দিয়ে, বরং উল্টো ক্রুসেডার মার্কিনীদের সাথে হাত মিলিয়েছ, যাদের সমস্ত ভয় এখন খিলাফত রাষ্ট্রকে ঘিরে, যাকে তারা পৃথিবীর সবকিছুর চেয়ে বেশী ভয় পায়, সুতরাং, তোমার এই ক্রুসেড মুসলিমদের বিরুদ্ধে, মুসলিম সেনাবাহিনীর বিরুদ্ধে, ইসলামী রাষ্ট্র-খিলাফত প্রতিষ্ঠার বিরুদ্ধে, মুসলিমদের সংগঠন-***হিযবুত তাহ্‌রীর***-এর বিরুদ্ধে।

আর জেনারেল, যে পাকিস্তান সমৃদ্ধ ও গৌরাবান্বিত ছিল তার পর্যাপ্ত সম্পদ, ধর্মপ্রান মুসলিম জনগণ, শক্তিশালী সেনাবাহিনী ও সর্বশ্রেষ্ঠ দ্বীন ইসলামর জন্য, শুধু তুমিই আজ সেই পাকিস্তানের এই লাঞ্চনাদায়ক অবস্থার জন্য দায়ী। আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা বলেন,

"আপনি কি তাদেরকে দেখেননি যারা আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা'র অনুগ্রহকে কুফরীতে পরিণত করেছে এবং তাদের জনগণকে তারা এক ধ্বংসের আবাসস্থল উপহার দিয়েছে। তারাই জাহান্নামের আগুনে দগ্ধ হবে, আর তা অতি নিকৃষ্ট আবাসস্থল।" **[সূরা ইবরাহীম : ২৮-২৯]**

পরিশেষে আমরা তোমার প্রতি আহ্বান জানাচ্ছি যে, তুমি এতদিন যে সকল অপকর্ম ও বিশ্বাসঘাতকতার কাজ করেছ তার জন্য অনুতপ্ত হয়ে অনুশোচনা কর এবং আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা'র নিকট তোমার এ হীন কাজের জন্য ক্ষমা প্রার্থনা কর। তোমার কৃত পাপের প্রায়চিত্তের শুধু একটি পথই উন্মুক্ত আছে, তা হলো তুমি একনিষ্ঠ ও যোগ্য উত্তরাধিকারীর নিকট ক্ষমতা হস্তান্তর কর। আর যদি তুমি তা না কর, অতিসত্ত্বর যখন আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা'র ইচ্ছায় খিলাফত প্রতিষ্ঠা হবে তখন তুমি উম্মাহ্'র হাতে শোচনীয়ভাবে লাঞ্ছিত হওয়ার জন্য প্রস্তুত থাক। আর তোমার জন্য জাহান্নামের যন্ত্রনাদায়ক শাস্তি তো প্রস্তুত রয়েছেই । আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা বলেন,

...১৯ পৃষ্ঠায় দেখুন

... ১৬ পৃষ্ঠার পর থেকে

সন্ত্রাস দমন আইন মুসলিমদের নিপীড়নের একটি কৌশল...

পাচ্ছে। এহেন ন্যাক্কারজনক উপস্থাপন ইসলামের সত্য বিষয় ও এর বাস্তবতার সাথে সাংঘর্ষিক। ইসলাম অমুসলিমদের ইসলাম গ্রহণ করার ক্ষেত্রে বলপ্রদান পূর্বক যেকোন হিংসাত্নক কর্মকান্ডকে সন্দেহাতীতভাবে নিষিদ্ধ করেছে। বিস্ময়করভাবে সন্ত্রাসের বিরুদ্ধে মেকি যুদ্ধের ধ্বজাধারী যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য সরকার মুসলিম ভূমি আক্রমণ ও জবরদখল করে রেখেছে, যেমন: ইরাক ও আফগানিস্তানে হাজার হাজার মুসলিমের রক্তপাত ঘটাচ্ছে, যাকে তারা 'স্বাধীনতা' নামে অভিহিত করছে! ইতোমধ্যে কেনিয়াতে রাজনীতিবিদদের সাথে সংশ্লিষ্ট অনেক অবৈধ অস্ত্রধারী গোষ্ঠী রয়েছে যাদেরকে সন্ত্রাসী সংগঠন বলা হয় না। সাধারণ মুসলিমদেরকে একটি শব্দও বলার সুযোগ না দিয়ে 'সন্ত্রাসী' লেবেল এটে দেয়া হচ্ছে।

ইসলামিক রাজনৈতিক দল ***হিযবুত তাহ্‌রীর*** পুরনো উপনিবেশিক শক্তি (যুক্তরাজ্য) দ্বারা মদদপুষ্ট নতুন উপনিবেশিক শক্তি (মার্কিন যুক্তরাষ্ট্র) কর্তৃক সৃষ্ট সন্ত্রাসের বিরুদ্ধে এ যুদ্ধকে তাদের উদ্বেগ ও ভয়ের স্পষ্ট লক্ষণ হিসেবে দেখতে পাচ্ছে; উপনিবেশিক শক্তিরা ইসলামিক খিলাফত প্রতিষ্ঠার মাধ্যমে বিশ্বকে নেতৃত্ব দেয়ার জন্য ইসলামের উত্থানকে প্রতিহত করতে সন্ত্রাসের বিরুদ্ধে যুদ্ধের সৃষ্টি করেছে। বিশ্বব্যাপী ছড়িয়ে পড়া রাজনৈতিক অস্থিতিশীলতা, দারিদ্রতার উচ্চহার, একটির পর একটি পশ্চিমা দেশে অর্থনেতিক মন্দার প্রাদুর্ভাব এবং বিশ্বের প্রান্তে প্রান্তে সামাজিক দুর্বৃত্তায়নের বিস্তৃতির মাধ্যমে বিশ্বব্যাপী পুঁজিবাদের পতনের লক্ষণ স্পষ্ট হয়ে উঠেছে। সুতরাং, সব মুসলিমকে এ বিষয়টি অনুধাবন করতে হবে যে, সন্ত্রাসের বিরুদ্ধে যুদ্ধে তারাই লক্ষ্য, কেননা তারা এমন একটি সত্যিকারের আদর্শিক সমাধান বহন করে যা বিশ্ব মানবতাকে মুক্তি দিতে সক্ষম। এ বাস্তবতা এখন সুস্পষ্ট এবং চাক্ষুস্মান যে কেউ তা দেখতে পারে।

কেনিয়ার মুসলিমদেরকে দৃঢ়ভাবে দাঁড়ানো ও সব ধরনের বৈধ উপকরণ ব্যবহার করে এ বিলের বিপক্ষে অবস্থান গ্রহণ করার আহ্বান জানিয়ে আমরা শেষ করতে চাই ও তাদের মনে করিয়ে দিতে চাই যে, শক্তিশালী আল্লাহ্ তাদের সৎ কাজসমূহ ভুলে যাবেন না।

শাবানী মুয়ালিমু, মিডিয়া প্রতিনিধি
হিযবুত তাহরীর, পূর্ব আফ্রিকা
৫ শাবান, ১৪৩৩ হিজরী
২৫ জুন, ২০১২

... ২০ পৃষ্ঠার পর থেকে

মিসেস্ নাভিদ বাট এর পক্ষ থেকে...



হিযবুত তাহ্‌রীর-কে নিষিদ্ধ করে। বস্তুতঃ এমন কোন মুসলিম কী আছে যে আলাদা আলাদা ৫৭ টি রাষ্ট্র-এর পরিবর্তে এক খলিফার নেতৃত্বে পরিচালিত খিলাফত রাষ্ট্র চায় না! এই ব্যাপক জনপ্রিয়তার ভয়ে আমেরিকার নির্দেশে ***হিযবুত তাহ্‌রীর***-কে নিষিদ্ধ করা হয়। এরপর গোয়েন্দা সংস্থাগুলো ***হিযবুত তাহ্‌রীর***-এর সদস্যদের বিরুদ্ধে হয়রানি, গ্রেফতার এবং অপহরণের এক নিষ্ঠুর অভিযান শুরু করে। তারা আমার স্বামীকে বিভিন্ন সময়ে অপহরণের চেষ্টা করেছিলো কিন্তু আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা তাকে রক্ষা করেন এবং এমনকি নিষিদ্ধ হওয়ার পূর্বেই আমরা অবৈধ অপহরণের ভয়ে শঙ্কিত ছিলাম। তথাকথিত ইসলামিক দেশে তথাকথিত ইসলামিক সংস্থাগুলো থেকে তাকে ভয় দেখানো হচ্ছিলো। যদিও তাদের প্রকৃত দায়িত্ব হওয়া উচিৎ ছিল ইসলামের শত্রুদের হাত থেকে মুসলিমদেরকে রক্ষা করা এবং মুসলিমদের নিরাপত্তা নিশ্চিত করা। কিন্তু দুঃখের বিষয় এই যে, এখন এই প্রতিষ্ঠানগুলো তোমাদের মত আমেরিকান পুতুল শাসকদের ব্যক্তিগত স্বার্থ হাসিলে ব্যবহৃত হচ্ছে এবং তাই তারা নিষ্ঠাবান মুসলিমদের উপর নজরদারী ও গ্রেফতার এবং অপহরণ শুরু করেছে শুধুমাত্র এই কারণে যে, তারা পুরো পাকিস্তানে ইসলাম প্রতিষ্ঠা করতে চায়, যে পাকিস্তান ইসলামের নামে প্রতিষ্ঠিত করা হয়েছিল। এই সকল মুসলিমদের একমাত্র অপরাধ এই যে, তারা ইসলামের কথা বলে, তারা প্রচার করে যে আল্লাহ্'র জমিনে আল্লাহ্'র মনোনিত জীবনব্যবস্থা প্রতিষ্ঠিত থাকতে হবে এবং সংগ্রাম করছে এই জন্য যেন ইসলাম একটি শক্তিশালী আদর্শ হিসাবে সমগ্র বিশ্বে প্রতিষ্ঠিত হয়।

হে আমেরিকার কাছে বিক্রিত দাসেরা!

তোমরা কি মনে কর যে, এই ধরনের অসম্মানিত এবং কাপুরুষের মত কাজসমূহ খিলাফত প্রতিষ্ঠার কাজকে বন্ধ করবে? অথবা আমাদেরকে ভয় দেখিয়ে তোমরা আমাদেরকে এই কাজ থেকে দূরে রাখতে পারবে? আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা'র কসম নিয়ে তোমাদেরকে জানাচ্ছি যেভাবে রাসূল (সাঃ) কুরাইশ প্রধানদেরকে বলেছিলেন যে, **"যদি তারা আমার ডান হাতে সূর্য এবং বাম হাতে চন্দ্র এনে দেয় এজন্য যে, আমি এই কাজ (ইসলাম প্রতিষ্ঠা) থেকে বিরত থাকি তবু আমি তা করবো না।"** সুতরাং হে বিশ্বাসঘাতক এবং দ্বীনের শত্রুরা, তোমাদের যা খুশি তাই কর! আমেরিকা, ব্রিটেন এবং ইউরোপ থেকে তলব কর তোমাদের সকল সেনাবাহিনী, মিত্র এবং প্রভুদের এবং যুদ্ধ কর আল্লাহ্ ও আল্লাহ্'র সৈনিকদের সাথে। বল! তোমরা কি নিজেদেরকে এ যুদ্ধে জয়ী হিসেবে দেখতে পাও?

তাই একজন নাভিদ বাটকে অপহরণ করে তোমরা কি সাফল্য পেয়েছ? তোমরা কি মনে কর যে, খিলাফত প্রতিষ্ঠার দাওয়াত বন্ধ হয়েছে? তোমরা তোমাদের প্রভু আমেরিকার কাছ থেকে বাহবা পাওয়ার জন্য একজন দুর্বল (শারিরিকভাবে) এবং অসুস্থ লোককে গ্রেফতারের জন্য ৮-১০ জন গোয়েন্দা পুলিশ পাঠিয়েছ এবং কোর্ট বা আইনের তোয়াক্কা না করে তাকে কোন এক গোপন জায়গায় লুকিয়ে রেখেছ। সুতরাং তোমাদের সরকারের এই আইন-কানুন আসলে জঙ্গলের আইন-কানুন!

হে গোয়েন্দা কর্মকর্তারা! আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা'কে ভয় কর, লজ্জায় মৃত্যুবরণ করো এই কারণে যে তোমরা ইসলাম ও মুসলিমদের রক্ষা করার জন্য কাজ করছো না, তোমরা তাদের সাথে বিশ্বাসঘাতকতা করছো এবং তোমরা আমাদের সবচেয়ে নিকৃষ্ট শত্রুদের হয়ে কাজ করছো। কায়ানী, জারদারী ও গিলানীর হাত আজকে আফগানিস্তান, উপজাতী এলাকা সমূহ এবং সমগ্র পাকিস্তানের নিষ্পাপ মুসলিমদের রক্তে রঞ্জিত। তোমরা মনে কর যে, তোমরা তোমাদের রিযিকের নিরাপত্তা নিচ্ছ তাদেরকে আনুগত্য করে, কিন্তু প্রকৃতপক্ষে তোমরা নিজেদের এবং নিজেদের সন্তানদের ভবিষ্যৎ পদদলিত করছো, কারণ এই দেশই যদি না থাকে, তাহলে কোথা থেকে রিযিকের সন্ধান করবে? এবং সেই জীবনের জন্য তোমরা তোমাদের সুযোগকে নিঃশেষ করছো যে জীবন শাশ্বত এবং অন্তঃহীন, বিন্দু পরিমান হলেও আল্লাহ্'কে ভয় কর। কারণ তোমরা মুসলিম, কাফির নও এবং তাই কার প্রতি তোমাদের আনুগত্য থাকা উচিৎ, ইসলাম না কুফর? কায়ানী, গিলানী ও জারদারী নাকি ***হিযবুত তাহ্‌রীর*** ও মুসলিমদের প্রতি? যদি তোমরা সকলে তাদের শাসনব্যবস্থাকে ছুঁড়ে ফেল তাহলে তাদের শাসনব্যবস্থা মুখ থুবড়ে পড়বে। কারণ তাদের শাসনব্যবস্থা তোমাদের মত লোকদের উপর নির্ভর করে টিকে আছে। এবং যদি তোমরা তাদেরকে ক্ষমতা থেকে অপসারণ কর তবে এই জীবনে সাফল্য লাভ করবে এবং পরকালে আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা'র পক্ষ থেকে পুরস্কৃত হবে।

হে কায়ানী, গিলানী এবং জারদারী!

হাবিবুল্লাহ সেলিম এবং আমার স্বামীকে অতিসত্বর মুক্তি দাও! যদি তোমরা তাদের বন্দিদশাকে আরো দীর্ঘায়িত করো তবে এই অপরাধের জন্য তোমাদের শাস্তি আসন্ন এবং তোমরা অবশ্যই জেনে রাখো যে, তোমাদের প্রত্যেকটি অপরাধের জন্য খিলাফত কঠিন জবাবদিহীতার সম্মূখীন করবে এবং আল্লাহ্'র ইচ্ছায় এটি খুব শীঘ্রই ঘটবে, সুতরাং এখনই আত্মসমর্পণ কর এবং অপরাধীদের জীবন থেকে শিক্ষা নিয়ে সতর্ক হও!

মিসেস্ নাভিদ বাট, *হিযবুত তাহ্‌রীর*, পাকিস্তান-এর মুখপাত্রের স্ত্রী
২৪ জমাদিউস সানি ১৪৩৩ হিজরী
১৫ ই মে, ২০১২ খ্রিস্টাব্দ

... ১৮ পৃষ্ঠার পর থেকে

পাকিস্তানে মার্কিন স্বার্থের পাহাড়াদার...

"আপনি ভাববেন না যে, যালিমরা যা করেছে আল্লাহ্ সে সম্পর্কে অবগত নন। বরং আল্লাহ্ তাদেরকে সেইদিন পর্যন্ত অবকাশ দিয়েছেন যেদিন চোখ গুলো ভীত সন্ত্রস্ত্র হয়ে উঠবে। তারা মাথা উপরে তুলে ভীত-বিহ্বল হয়ে ছুটাছুটি করবে। তাদের দৃষ্টি নিজেদের দিকে ফিরে আসবে না এবং তাদের অন্তর শুন্য হয়ে যাবে। **[সূরা ইবরাহিম- ৪২, ৪৩]**

***হিযবুত তাহ্‌রীর*, উলাই'য়াহ্, পাকিস্তান**
২৭ জুমাদিউস সানি, ১৪৩৩ হিজরী
১৮ই মে, ২০১২ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি: প্রসঙ্গ - সিরিয়ার সাধারণ জনগণ,নারী ও শিশুদের বিরুদ্ধে শাসকগোষ্ঠীর নির্মম নির্যাতন ও হত্যা

শিশুদের প্রতিবাদ: "কী ছিল তাদের অপরাধ?"

হিযবুত তাহ্‌রীর, উলাই'য়াহ্ জর্ডানের আয়োজনে শত শত নারী ও শিশু আজ সিরিয়া দূতাবাসের সামনে কসাই আসাদ ও সিরীয় শাসকগোষ্ঠীর বিরুদ্ধে প্রতিবাদ করেছে। সিরিয়ার সাধারণ জনগণ, নারী ও শিশুদের বিরুদ্ধে শাসকগোষ্ঠীর নির্মম নিপীড়নের প্রতিবাদে তাদের স্লোগাণ ছিল "কী ছিল তাদের অপরাধ?"

শিশুদের হাতে কালো পতাকা উড়ছিল। তারা নিহত শিশুদের মৃতদেহ বয়ে নিয়ে যাওয়ার প্রতীকী দৃশ্য তুলে ধরেছিল এবং সাথে ছিল আসাদগোষ্ঠী কর্তৃক নির্যাতিত ও নিহত সিরীয় শিশুদের ছবি। সিরীয় শাসকগোষ্ঠীকে প্রত্যাখ্যান এবং নারী ও শিশুদের সমর্থনে বেশ কিছু তরুণ বক্তব্য উপস্থাপন করেন ও স্লোগাণ তুলেন, "সিরীয় শিশুরা হচ্ছে বিপ্লবের স্ফুলিঙ্গ এবং এর প্রতি সমর্থনের প্রতীক", "সিরীয় শিশুরা তোমাদের আহ্বান করছে, তোমরা কি এতে সাড়া দেবে?", "শহীদ হওয়ার পূর্বেই আমাকে উপদেশ দিয়েছিলেন আমার বাবা", "খিলাফতই হচ্ছে রক্ষাকবচ", "আমাদের রক্ত চাইলে পান করতে পারো, যদি ইসলাম পুনরুদ্ধারের কাজে লাগে তা বৃথা হবে না" ইত্যাদি। রক্তে রঞ্জিত মৃতের পোশাক পরিহিত শিশুরা তাদের সিরীয় সমবয়সীদের উপর চলমান জুলুম রূপায়ন করে দেখায় এবং নবজাতকের প্রতীকী মৃত-পুতুল সিরীয় দূতাবাসের সামনে রেখে দেয়। সিরীয় দূতাবাস কর্তৃক লাউডস্পিকারের

মাধ্যমে কর্মসূচিকে বাধাগ্রস্থ করার অপচেষ্টা চালানো হয়।

সাংবাদিকরা উপস্থিত হয়ে, ***হিযবুত তাহ্‌রীর***, উলাইয়াহ জর্ডানের মিডিয়া অফিস প্রধান মাহমুদ ক্বেতেইসাত ও বেশ কিছু নারী-শিশুর সাক্ষাৎকার গ্রহণ করেন।

***হিযবুত তাহ্‌রীর*-এর মিডিয়া কার্যালয়, উলাই'য়াহ্, জর্ডান**
২১ জুমাদিউস্ সানি, ১৪৩৩ হিজরী
১২ই মে, ২০১২ খ্রিস্টাব্দ

***হিযবুত তাহ্‌রীর*, পাকিস্তানের মুখপাত্র নাভিদ বাটকে গুম করার বিরুদ্ধে প্রতিবাদ**

হিযবুত তাহ্‌রীর, পাকিস্তান-এর মুখপাত্রের স্ত্রী মিসেস্ নাভিদ বাট এর পক্ষ থেকে কায়ানী, গিলানী, জারদারী এবং সকল আমেরিকান পুতুল শাসকদের প্রতি খোলা চিঠি

নাভিদ বাট-এর অন্যায় গ্রেফতারের প্রতিবাদে তার পরিবারের পক্ষ থেকে আয়োজিত প্রতিবাদ (ইনসেটে তার স্ত্রী সাদিয়া রাহাত)

হে আমেরিকার দাসেরা!

তোমরা সবাই খুব ভালোভাবে জানো যে, গত ১১ই মে ২০১২, রোজ শুক্রবার, দুপুর ১২টা ৩০ মিনিটে ***হিযবুত তাহ্‌রীর***, পাকিস্তান-এর মুখপাত্র, আমার স্বামী নাভিদ বাট তার সন্তানদেরকে স্কুল থেকে নিয়ে বাড়ি ফিরছিলো। আমাদের প্রতিবেশীদের একজনের স্বাক্ষ্যমতে ঠিক যখন সে (নাভিদ বাট) বাড়ির গেটে পৌঁছায় তখন ৮-১০ জন গোয়েন্দা কর্মকর্তা তাকে গ্রেফতার করে এবং তাদের আই.এস.আই সুজুকি ভ্যানে তুলে নিয়ে যায়। তার (প্রতিবেশী) ভাষ্যমতে সে ৮-১০ জন কালো প্যান্ট এবং 'সিকিউরিটি' লেখা খচিত টি-শার্ট পরিহিত লোক এবং কতিপয় সাদা পাজামা-পাঞ্জাবী পরিহিত সাদা পোশাকধারী গোয়েন্দা পুলিশদের নাভিদ বাটের আসার পথে পার্ক করা গাড়ীগুলো থেকে নামতে দেখেছিল। এই ঘটনার পর আমার বাচ্চারা খুব ভয় পেয়ে যায় এবং তারা কাঁদতে কাঁদতে বাসায় ফিরে আসে। আমার এক ছেলের বয়স ১০ বছর, অন্য ছেলের ৯ বছর এবং মেয়ের বয়স মাত্র ৬, আর আমার ছোট ছেলের বয়স ২ বছর, যে বাসায় থাকে।

তোমরা সবাই ভালোভাবে অবগত কি অপরাধের কারণে আমার স্বামীকে গুম করা হয়েছে এবং কেন তোমাদের প্রভু আমেরিকা এটাকে অপরাধ হিসেবে সাব্যস্ত করেছে। আমার স্বামীর অপরাধ হলো সে বিশ্বের সর্ববৃহৎ ইসলামিক দল ***হিযবুত তাহ্‌রীর***, পাকিস্তান-এর মুখপাত্র, যে দলটি খিলাফাহ্ রাশেদা পুনঃপ্রতিষ্ঠার জন্য কাজ করছে, যেন ইসলামিক জীবনব্যবস্থা ফিরে আসে। সাধারণ জনগণ এবং সমাজের প্রভাবশালীদের মধ্যে ***হিযবুত তাহ্‌রীর*-এর** গ্রহণযোগ্যতা দ্রুত বৃদ্ধি পাওয়ার কারণে ২০০৩ সালে মোশাররফ

...১৯ পৃষ্ঠায় দেখুন

“তোমাদের মধ্য হতে যারা ঈমান আনে ও সৎ কাজ করে আল্লাহ্ তাদের এ ওয়াদা দিয়েছেন যে, তিনি তাদের পৃথিবীতে খিলাফত দান করবেন, যেরূপ তাদের পূর্ববর্তীদের দান করেছিলেন আর তিনি অবশ্যই তাদের দ্বীনকে, যা তিনি তাদের জন্য মনোনীত করেছেন, সুদৃঢ় করবেন এবং তাদের (বর্তমান) ভয়-ভীতির পরিবর্তে তাদের নিরাপত্তা দান করবেন। তারা শুধু আমারই বন্দেগী করবে এবং আমার সাথে কাউকে শরীক করবে না। অতঃপর যারা কুফরী করবে তারাই আসলে ফাসেক।” [সূরা আন-নূর : ৫৫]

“তোমাদের মধ্যে নবুয়্যত থাকবে যতক্ষণ আল্লাহ্ ইচ্ছা করেন, তারপর আল্লাহ্ তার সমাপ্তি ঘটাবেন। তারপর প্রতিষ্ঠিত হবে নবুয়্যতের আদলে খিলাফত। তা তোমাদের মধ্যে থাকবে যতক্ষণ আল্লাহ্ ইচ্ছা করেন, অতঃপর তিনি তারও সমাপ্তি ঘটাবেন। তারপর আসবে যন্ত্রণাদায়ক বংশের শাসন, তা থাকবে যতক্ষণ আল্লাহ্ ইচ্ছা করেন। এক সময় আল্লাহ্’র ইচ্ছায় এরও অবসান ঘটবে। তারপর প্রতিষ্ঠিত হবে জুলুমের শাসন এবং তা তোমাদের উপর থাকবে যতক্ষণ আল্লাহ্ ইচ্ছা করেন। তারপর তিনি তা অপসারণ করবেন। তারপর আবার ফিরে আসবে খিলাফত – নবুয়্যতের আদলে।” *(মুসনাদে আহমদ, খন্ড ৪, হাদীস নং-১৮৫৯৬)*